



বাংলাদেশের
সুবর্ণজয়ন্তী
Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা
www.bangabhaban.gov.bd



স্মারক নম্বর: ০১.০০.০০০০.০০৯.৫২.০৪.১৯ -৯৬৪(স)

তারিখ:

১৪ শ্রাবণ ১৪২৮
২৯ জুলাই ২০২১

বিষয়ঃ উত্তম চর্চার (best practice) তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগের উত্তম চর্চার (best practice) তালিকা (২০২০-২০২১ অর্থ বছরের) প্রণয়নপূর্বক নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, গবেষণা শাখা)


(মোহাম্মদ ক্বায়দুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৫০৩১১

অনুলিপি:


সচিবের একান্ত সচিব (উপসচিব)
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
বঙ্গভবন, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫

রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা।

উত্তম চর্চা

০১. মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক দেশে বিভিন্ন সরকারি, বেসরকারি সংস্থা কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে যোগদান, বিশ্ববিদ্যালয়সমূহের সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্বকরণ, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস/সপ্তাহ উদ্বোধন ইত্যাদি সংক্রান্ত সমন্বয়/প্রস্তুতিমূলক সভা শেষ হবার সাথে সাথেই সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করা হয়ে থাকে। এতে করে সিদ্ধান্ত বাস্তবায়ন দ্রুততর হয়। অন্যান্য সভার ক্ষেত্রেও একই নিয়ম চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
০২. জন বিভাগের প্রেস উইং এর ফেসবুক পেজ (<http://www.facebook.com/group/390432527776516>) এর মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির সংবাদ কাভারেজ, প্রেস রিলিজ, শোকবার্তা ইত্যাদি প্রচার করা হচ্ছে। এছাড়াও ই-মেইল, ক্ষুদেবার্তা প্রেরণের মাধ্যমেও সংবাদ কাভারেজ ও প্রচারের ব্যবস্থা নেয়া হয়। ফলে সাংবাদিকগণ তাৎক্ষণিকভাবে বার্তা পেয়ে থাকেন।
০৩. মহামান্য রাষ্ট্রপতির বাণী প্রদানের ক্ষেত্রে ই-নথি কার্যক্রম চলমান আছে। ক্ষেত্র বিশেষে আবেদনকারীদের সুবিধার্থে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত বাণীর স্ক্যান কপি ও সফট কপি ছবিসহ ই-মেইলে প্রেরণ করা হয়ে থাকে। এতে বাণী সংগ্হের ক্ষেত্রে সুবিধাভোগীদের অফিসে আসতে হয় না।
০৪. বঙ্গভবনের সকল কর্মকর্তাকে কাজের সুবিধার্থে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার প্রদান করা হয়েছে। ফলে প্রত্যেকেই দাপ্তরিক কাজগুলো অতি সহজেই দ্রুততম সময়ের মধ্যে সম্পাদন করতে সক্ষম হচ্ছেন। এতে করে কর্মকর্তাগণের ইন্টারনেট ব্যবহারের দক্ষতা অর্জনের পাশাপাশি দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।


মোহাম্মদ ওবায়দুল ইসলাম
উপসচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
বঙ্গভবন, ঢাকা।